মেহেরপুরে বিএনপির ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে ১০ দফা ও বিদ্যুতের মূল্য কমানোর দাবিতে বিক্ষোভ সমাবেশ অনিুষ্ঠত হয়েছে। সোমবার বিকালে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় চত্তরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও পৌর বিএনপি সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে সমা বেশেপ্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা উপজেলা বিএনপির সভাপতি এডভোকেট মারুফ আহমেদ বিজন, মুজিবনগর মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র যুগ্ন সম্পাদক আব্দুর রহিম, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, মহিলা দলের সভাপতি সাইয়েদুন্নেসা নয়ন, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আকিব জাবেদ সেনজিন। স

ঞ্চালনায় ছিলেন পৌর বিএনপি সাধারণ সম্পাদক আবু ওবায়দুল্লাহ। সমাবেশে মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

সোমবার বিকালে মিছিলটি কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বের হয়। আর কোটচাঁদপুর বাজার চত্বরে এসে শেষ হয়। এরপর বাজার চত্বরের বিএনপির কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। এ সময় তারা পুলিশের হাতে আটক নেতা কর্মীদের মুক্তির দাবি করেন। নিন্দা জানান নেতা কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হয়রানি করার। সমাবেশ সঞ্চালনায় ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত

গাংনীতে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীর তেরাইল গ্রামে বাড়ির পাশের পুকুরের পানিতে ডুবে আরিয়ান নামের আড়াই বছরের এক শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

আজ সোমবার বিকেল ৪টার দিকে এ ঘটনাটি ঘটে। আরিয়ান ওই গ্রামের আশরাফুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানান, দুপুরে দিকে আরিয়ান নিখোঁজ হয়। বাড়ির লোকজন প্রতিবেশিদের বাড়িতে খোঁজ করেও না পেয়ে বাড়ির সামনে পুকুরের আশে পাশে খুঁজতে থাকে। হঠাৎ আরিয়ানকে ভাসমান অবস্থায় দেখতে পায় লোকজন। আরিয়ানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গায় প্রোডিউসার গ্রুপ ও লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুলের উপকরণ বিতরণ

প্রোডিউসার গ্রুপ ও লাইভস্টক ফার্মারস ফিল্ড স্কুলের উপকরণ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৬ জানুয়ারি) সকাল ১১ টায় উপজেলা প্রাণীসম্পদ ও ভেটেরিনারি হাসপাতালের উদ্যোগে এ উপকরণ বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,’ প্রত্যেক মানুষ নিজ কর্মের মাধ্যমে নিজেকে এগিয়ে যেতে হবে। সরকারের দেওয়া সহযোগিতার

মাধ্যমে প্রাণীসম্পদকে আরো প্রসস্ত বিস্তার করতে হবে। পশু পালনের মাধ্যমে পরিবারের পাশাপাশি সমাজে উন্নতি করা সম্ভব। সকলে চাকুরির পিছনে না ছুটে উদ্যোক্ত হতে হবে। এতে আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি প্রাণী সম্পদের মাংসের ঘাটতি পুরণে ব্যাপক ভুমিকা পালন করবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, প্রাণী সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার আতিকুর রহমান, আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা প্রাণীসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা বাইজিদ খন্দকার।

আর হবে না জেএসসি-জেডিসি পরীক্ষা

জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী পাবলিক/বোর্ড পরীক্ষা গ্রহণের ব্যবস্থা না থাকায় জেএসসি ও জেডিসি পরীক্ষা বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার (১৬ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপ-সচিব আক্তার উননেছা শিউলী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়েছে। ২০২৩ এবং তার পরে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাদ দেওয়ার সুপারিশ প্রধানমন্ত্রী বরাবর পাঠানো হলে তার অনুমোদন দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুযায়ী জেএসসি ও জেডিসি পাবলিক/বোর্ড পরীক্ষা গ্রহণের ব্যবস্থা রাখা হয়নি বিধায় ২০২২ ও ২০২৩ এবং পরবর্তীতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) এবং জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা বাদ

দেওয়ার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। প্রধানমন্ত্রী উপরিউক্ত প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন।

বর্ণিতাবস্থায়, উল্লিখিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো, বলেও এতে উল্লেখ করা হয়।

সূত্র: ইত্তেফাক

আলমডাঙ্গার কেশবপুরে ৩শ গ্রাম গাঁজাসহ ব্যবসায়ী গ্রেফতার

আলমডাঙ্গার কেশবপুর থেকে ৩’শ গ্রাম গাঁজাসহ মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ। সোমবার দিবাগত রাত আড়াইটার দিকে ওসমানপুর ফাঁড়িপুলিশ মাদকদ্রব্য অভিযান চালিয়ে তাকে আটক করে।

মাদক বিক্রেতা উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের মৃত রবগুল মাঝির ছেলে ছইরুদ্দিন মাঝি।

পুলিশ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের কেশবপুর গ্রামের মৃত রবগুল মাঝির ছেলে ছইরুদ্দিন মাঝি। দীর্ঘদিন যাবৎ পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে রমরমা গাঁজার ব্যবসা চালিয়ে আসছে। ইতো পূর্বে পুলিশের নিকট আটক হলেও জামিনে পূণরায় আবারো গাঁজা ব্যবসায় জড়িয়ে পড়ে। সোমবার দিবাগত রাত ২ টার দিকে ওসমানপুর ফাঁড়িপুলিশের উপ-পরিদর্শক এসআই খসরু আলমের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করা হয়। এসময় নিজ বাড়ির থেকে ছইরুদ্দিন মাঝিকে আটক করে। পরবর্তীতে তার শরীর তল্লাশি করে ৩শ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ।

এঘটনায় ছইরুদ্দিন মাঝির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। সংশ্লিষ্ট মামলায় সোমবার বিকেলে চুয়াডাঙ্গা কোর্টের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়।

[redacted]

[redacted]

তদন্তের নির্দেশ প্রদান করেন। আগামী ২৩ জানুয়ারি পরবর্তী আদেশের জন্য দিন ধার্য করেছেন আদালত।

মেহেরপুরের দুইটি মডেল মসজিদের উদ্বোধন

সারা দেশের ন্যায় মেহেরপুরে দুটি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে এর উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর ইসলামীক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শম্ভু রাম পাল, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিউজা উজ জান্নাহ, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ ওবায়দুল্লাহ, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা মোঃ আনিসুজ্জামান ও বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক হাসানুজ্জামান মালেক।

এছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সরকারী বেসরকারী অফিসের কর্মকর্তা, রাজনৈতিক ও সামাজিক সংগঠন, ব্যবসায়ি এবং বিভিন্ন মসজিদের ইমামগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ডায়রিয়ার

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

খাবার স্যালাইন খেতে পারছে তাই তাদের বাইরে থেকে কলেরা স্যালাইন কেনা লাগছে না। কিন্তু শিশুরা খাবার স্যালাইন খেতে অনীহা করে । বাধ্য হয়েই কলেরা স্যালাইন কিনতে বলা হচ্ছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানী জানান, রোগীদের চাপ বেড়েছে। বিশেষ করে ডায়রিয়া আক্রান্ত শিশুদের সেবা দিতে হিমশিম খাচ্ছেন ডাক্তার ও নার্সরা। স্যালাইন সংকটের কথা স্বীকার করে তিনি জানান, কয়েকমাস যাবত কলেরা স্যালাইন সংকট রয়েছে। চাহিদা দেয়ার পরও কোন জবাব মেলেনি। তবে ডাক্তারদের অবহেলার বিষয়টি তিনি অস্বীকার করে জানান, চিকিৎসক সংকটের কারণে অনেক সময় সেবা দেয়ায় বিঘ্ন ঘটে।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার তৌফিকুর রহমান জানান, স্বাস্থ্য কমপ্লেক্সে ওষুধ সরবরাহ রয়েছে। সেবা দানে কোন সমস্যা হচ্ছে না।

মেহেরপুর সিভিল সার্জন জওয়াহেরুল আনাম সিদ্দিকী জানান, অতিরিক্ত ঠাণ্ডা ও কুয়াশার কারণে ডায়রিয়া ছড়িয়ে পড়েছে। পর্যাপ্ত খাবার ও কলেরা স্যালাইন রয়েছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কেন কলেরা স্যালাইন নেই তা দেখা হচ্ছে। রোগীদের স্বাস্থ্য সেবায় ডাক্তারদের কোন অবহেলা নেই। তবে কোথাও কোথাও ডাক্তার সংকটের কারণে সেবা দেয়াটা একটু কষ্টকর হয়ে দাড়িয়েছে বলেও জানান তিনি।

গাংনী থেকে গণধর্ষণসহ পর্নোগ্রাফি মামলার পলাতক আসামী গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগারাতে অভিযান চালিয়ে গণধর্ষণসহ পর্ণোগ্রাফি মামলার পলাতক আসামী মবিউল ইসলাম (১৯)কে গ্রেফতার করেছে র্যাব।

রবিবার দিবাগত রাত ৩টার দিকে র্যাব-১২ সিরাজগঞ্জের অধিনায়ক মারুফ

হোসেন পিপিএমের নির্দেশে মেহেরপুর র্যাব ক্যাম্পের একদি দল অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত মবিউল দৌলতপুর উপজেলার বিল বোয়ালিয়া গ্রামের মৃত খেজমত আলীর ছেলে।

র্যাব জানায়, ২০২২ সালের ১১ নভেম্বর কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধনী ২০০৩ তৎসহ ৮(১)/৮(২)/৮(৩) ২০১২ সালের পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মবিউলের বিরুদ্ধে একটি মামলা দায়ের করে ভুক্তভোগী। সেই থেকে মবিউল পলাতক ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারা যায় সে চেংগারাতে অবস্থান করছে। এমন খবরের ভিত্তিতে চেংগারা এলাকায় অভিযান পরিচালনা করে মবিউলকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীকে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।